জাতীয় রাজস্ব বোর্ড
অফিস আদেশ
তারিখ, ০৭ ফেব্রুয়ারি ২০১৬

**বিষয়ঃ সহযোগী প্রতিষ্ঠানের নামে কোন মামলা/দাবীনামা থাকলে নতুন বন্ড লাইসেন্স প্রদানের বিষয়ে দিক নির্দেশনা প্রদান প্রসঙ্গে।**

নং ৩ (৪) শুল্কঃরপ্তানি ও বন্ড/২০০২/৭২ দেশের অর্থনৈতিক অগ্রযাত্রা অব্যাহত রাখা এবং বন্ড সুবিধার অপব্যবহার রোধের লক্ষ্যে বর্তমান খেলাপি বন্ডারগণকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে জাতীয় রাজস্ব বোর্ড থেকে নজরদারী বাড়ানো হয়েছে। নজরদারী নিবিড় রাখার স্বার্থে এ সময়ে একজন বন্ডারের অনিষ্পন্ন মামলা থাকলে (দাবীনামা/২০২ ধারা/সার্টিফিকেট মামলা থাকলে

অথবা বন্ডারের কোন দাবীনামার বিরুদ্ধে কোন আদালতে কোন মামলা বিচারাধীন থাকলে) সে প্রতিষ্ঠানের কোন পরিচালককে লাইসেন্স দেয়া সমীচীন হবে না।

২। তবে, কোন বিশেষ ক্ষেত্রে একজন Bonafide পরিচালক, অপর একজন খেলাপি পরিচালকের কারণে ব্যবসা করতে ব্যর্থ হলে বিষয়টি সুষ্ঠুভাবে তদন্ত করে সংশ্লিষ্ট কমিশনারেট সুপারিশ করলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সেটি পর্যালোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করা হবে।

৩। The Customs Act, 1969 এর section 13 (2) (a)-এর সঙ্গে পঠিতব্য Section 219 (B)-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব রোর্ড এ আদেশ জারি করছে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
মুহাম্মদ ইমতিয়াজ হাসান
দ্বিতীয় সচিব (শুল্কঃরপ্তানি ও বন্ড)